بِسۡمِ ٱللَّهِ ٱلرَّحۡمَٰنِ ٱلرَّحِيمِ

**Md. Shahriar Alam, MP**
State Minister
মোঃ শাহ্‌রিয়ার আলম, এমপি
প্রতিমন্ত্রী

MINISTRY OF FOREIGN AFFAIRS
GOVERNMENT OF THE
PEOPLE'S REPUBLIC OF BANGLADESH
DHAKA

**Message**

16 December 2020

Today is 16 December, the great Victory Day. On this day in 1971, our brave Bengali heroes earned the victory through their decade's long hard struggle for self-emancipation and a 9-month long blood-spattered War of Liberation. On this auspicious occasion, I extend my sincere greetings and warm felicitations to all the citizens of Bangladesh living at home and abroad.

On this happy moment of the glorious Victory Day, I recall with profound respect the greatest Bengali of all time, Father of the Nation Bangabandhu Sheikh Mujibur Rahman. His charismatic leadership contributed to the emergence of Bangladesh as an independent and sovereign state in the world. I pay my profound homage to the 3 million martyrs and 2 hundred thousand mothers and sisters whose supreme sacrifices and dishonour ushered us a new identity. My respectful salute also goes to all freedom fighters including the wounded war heroes.

On this memorable moment of the Victory Day, I express my sincere gratitude to all foreign friends, expatriate Bangladeshis, members of diplomatic front. Their all supportduring the War of Liberation accelerated our victory. I also recall with deep gratitude the invaluable contribution of the members of the then Pakistan Foreign Service who defected to Bangladesh Foreign Service and the newly formed Bangladesh government during our War of Liberation in 1971.

Under the dynamic, courageous and charismatic leadership of the Father of the Nation, Bangabandhu Sheikh Mujibur Rahman, the people of this territory brought the red sun of the independence breaking the shackles of subjugation of thousands of years. The Bangalis then achieved their own nation-state, flag and national anthem.The golden jubilee of our glorious independence will be celebrated next year.

The Father of the Nation Bangabandhu Sheikh Mujibur Rahman dreamt of a happy and prosperous Sonar Bangla (Golden Bengal), free from all kinds of exploitation and oppression. The seeds of development of the country were sown in 1972 under the leadership of Bangabandhu. He took over the leadership of a war-ravaged and economically backward country. Bangabandhu accomplished the formidable tasks of rehabilitation and rebuilding the nation just in three and a half years. Unfortunately, conspirators and enemies of the land committed a heinous crime on 15 August 1975 to thwart our advancement. By killing Bangabandhu, the murderers wanted to erase the spirit of the War of Independence, secularism and the values of building an equitable society. However, the death of Bangabandhu could not wipe out his values, principles and ideals. These are now ingrained in the heart of the Bangali nation.

ফোন ঃ (+৮৮০-২) ৯৫৬২৯৫৪, ফ্যাক্স ঃ (+৮৮০-২) ৯৫৫৬০২৮, E-mail: sm@mofa.gov.bd

بسم الله الرحمن الرحيم

**Md. Shahriar Alam, MP**
State Minister
মোঃ শাহ্‌রিয়ার আলম, এমপি
প্রতিমন্ত্রী

MINISTRY OF FOREIGN AFFAIRS
GOVERNMENT OF THE
PEOPLE'S REPUBLIC OF BANGLADESH
DHAKA

Hon'ble Prime Minister Sheikh Hasina, the torch-bearer of the ideals of the Father of the Nation, has been working relentlessly to establish fundamental rights for all, as well as ensuring economic emancipation for the common people and raising their standards of living. Amidst this unprecedented corona pandemic, our Hon'ble Prime Minister has announced 21 stimulus packages totaling about Tk. 1,12,633 crore to stand by the poor and helpless people, to keep the momentum of economic activities, and to maintain the trend in growth and development. The government under the able leadership of Deshratna Sheikh Hasina has been working persistently to transform Bangladesh into a developed country by 2041. Along with economic growth, Bangladesh has become a global role model for poverty alleviation, women empowerment, coping with climate change and curbing child mortality rate significantly.

I request all the members of our Missions abroad to assist the expatriate Bangladeshis with utmost dedication and commitment in tackling their difficulties, especially during the COVID-19 pandemic. I hope that Bangladeshi Diaspora will also be supportive to each other to overcome this pandemic.

On this great Day, I congratulate Bangladesh diaspora in every corner of the world who are immensely contributing to our economic development and to upholding the image of Bangladesh.I also express my gratitude to all the members of the Ministry of Foreign Affairs and our Missions abroad who have been working with dedication and commitment in achieving our foreign policy objectives and promote national interest of Bangladesh on the world stage.

Hon'ble Prime Minister Sheikh Hasina has been working tirelessly for realization of the dream for which our Father of the Nation fought, for which the freedom fighters poured their fresh blood on the green grass of this land. Let us pledge today that, all of us will be working according to our own ability from our respective positions for the welfare of people, motherland and global humanity.

**Joy Bangla, Joy Bangabandhu**
**May Bangladesh Live Forever**

**Md. Shahriar Alam, MP**

ফোন ঃ (+৮৮০-২) ৯৫৬২৯৫৪, ফ্যাক্স ঃ (+৮৮০-২) ৯৫৫৬০২৮, E-mail: sm@mofa.gov.bd

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

**Md. Shahriar Alam, MP**
State Minister
মোঃ শাহ্‌রিয়ার আলম, এমপি
প্রতিমন্ত্রী

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

MINISTRY OF FOREIGN AFFAIRS
GOVERNMENT OF THE
PEOPLE'S REPUBLIC OF BANGLADESH
DHAKA

# বাণী

১৬ ডিসেম্বর ২০২০

আজ ১৬ই ডিসেম্বর। মহান বিজয় দিবস। আত্মমুক্তির লক্ষ্যে কয়েক দশকের কঠোর সংগ্রাম এবং ১৯৭১ সালের ৯ মাসব্যাপী রক্তক্ষয়ী স্বাধীনতাযুদ্ধের মাধ্যমে আমরা এই ঐতিহাসিক বিজয় অর্জন করেছি। আজকের এই মহান দিনে আমি দেশে ও বিদেশে অবস্থানরত সকল বাংলাদেশিকে আন্তরিক শুভেচ্ছা ও অভিনন্দন জানাই।

বিজয় দিবসের শুভলগ্নে আমি সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি, স্বাধীনতার মহান স্থপতি, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে পরম শ্রদ্ধার সাথে স্মরণ করছি। তাঁর ঐন্দ্রজালিক নেতৃত্বে পৃথিবীর মানচিত্রে স্বাধীন সার্বভৌম বাংলাদেশ জন্ম নেয়। আমি ৩০ লক্ষ শহিদ ও ২ লক্ষ মা-বোনের প্রতি বিনম্র শ্রদ্ধা জানাই। তাঁদের সর্বোচ্চ ত্যাগ তথা সম্ভ্রমের বিনিময়ে অর্জিত আমাদের লাল-সবুজের বাংলাদেশ। যুদ্ধাহত মুক্তিযোদ্ধাসহ সকল মুক্তিযোদ্ধার প্রতি ও রইল আমার সশ্রদ্ধ সালাম।

বিজয় দিবস উদ্‌যাপনের প্রাক্কালে বিদেশি বন্ধুরাষ্ট্র, প্রবাসী বাঙালি ও কূটনৈতিক কোরের সদস্যদের প্রতি আমি গভীর কৃতজ্ঞতা জানাচ্ছি। বাঙালির মুক্তির সংগ্রামে তাদের সকল সহযোগিতা আমাদের বিজয়কে ত্বরান্বিত করেছিল। আমি আরো কৃতজ্ঞতা জানাচ্ছি তৎকালীন পররাষ্ট্র মন্ত্রণালয়ের সকল কর্মকর্তা-কর্মচারীদের প্রতি যাঁরা ১৯৭১ সালে বাংলাদেশের মুক্তিযুদ্ধের সময় স্বপক্ষ ত্যাগ করে সদ্য ভূমিষ্ঠ বাংলাদেশ সরকারের প্রতি সমর্থন জানিয়েছিলেন।

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের দূরদর্শী, সাহসী ও ঐন্দ্রজালিক নেতৃত্বে বাঙালি জাতি পরাধীনতার শৃঙ্খল ভেঙে স্বাধীনতার রক্তিম সূর্য ছিনিয়ে এনেছে। বাঙালি পেয়েছে স্বাধীন রাষ্ট্র, নিজস্ব পতাকা ও জাতীয় সংগীত। আসছে ২০২১ সালে বাংলাদেশের সেই স্বাধীনতার সুবর্ণজয়ন্তী পালিত হবে।

বঙ্গবন্ধু একটি সুখী, সমৃদ্ধ, শোষণমুক্ত ও বৈষম্যহীন 'সোনার বাংলা'র স্বপ্ন দেখেছিলেন। ১৯৭২ সালে তাঁর হাত ধরেই এদেশে উন্নয়নের বীজ বপন হয়। তিনি মুক্তিযুদ্ধে প্রায় সম্পূর্ণরূপে ধ্বংসপ্রাপ্ত এবং অর্থনীতিতে পশ্চাৎপদ বাংলাদেশের নেতৃত্ব গ্রহণ করেন। মাত্র সাড়ে তিন বছরে জাতির পিতা যখন যুদ্ধবিধ্বস্ত বাংলাদেশের পুনর্বাসন ও পুনর্গঠনের কাজ সম্পন্ন করেন, তখনি দেশ ও জাতির শত্রু একটি কুচক্রীমহল তাঁকে হত্যা করে দেশের অগ্রগতিকে রুদ্ধ করে দেয়। বঙ্গবন্ধুকে হত্যার মাধ্যমে ঘাতকরা বাংলার মাটি হতে মুক্তিযুদ্ধের চেতনা, অসাম্প্রদায়িকতা এবং সমতাভিত্তিক সমাজ প্রতিষ্ঠার মূল্যবোধ মুছে দিতে চেয়েছিল। কিন্তু, বঙ্গবন্ধুর মৃত্যু হলেও তাঁর মূল্যবোধ, নীতি ও আদর্শের মৃত্যু হয়নি। তাঁর আদর্শ প্রোথিত রয়েছে বাংলার জনগণের হৃদয়ে।

বঙ্গবন্ধুর সুযোগ্য কন্যা মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা সাধারণ মানুষের অর্থনৈতিক মুক্তি ও তাদের জীবনমানের উন্নয়নসহ মৌলিক অধিকার প্রতিষ্ঠা করতে আলোকবর্তিকা নিয়ে জাতির পিতার দেখানো পথে অবিরাম কাজ করে চলেছেন। করোনা মহামারিতে দরিদ্র ও অসহায় মানুষকে সহায়তা, দেশের অর্থনীতির চাকা সচল রাখা ও উন্নয়নের সঠিক ধারা অব্যাহত রাখার জন্য তিনি প্রায় ১ লক্ষ ১২ হাজার ৬৩৩ কোটি টাকার ২১টি প্রণোদনা প্যাকেজ ঘোষণা করেছেন। দেশরত্ন শেখ হাসিনার যোগ্য নেতৃত্বে বর্তমান সরকার ২০৪১ সালের মধ্যে বাংলাদেশকে একটি উন্নত দেশে পরিণত করার লক্ষ্যে নিরলসভাবে কাজ করে যাচ্ছে। অর্থনৈতিক সমৃদ্ধি ছাড়াও দারিদ্র্য বিমোচন, নারীর ক্ষমতায়ন, জলবায়ু পরিবর্তন বিষয়ক সমস্যা মোকাবিলা, শিশু মৃত্যুর হার কমানোসহ নানা ক্ষেত্রে বাংলাদেশ আজ বিশ্বে রোল মডেলে পরিণত হয়েছে।

ফোন ঃ (+৮৮০-২) ৯৫৬২৯৫৪, ফ্যাক্স ঃ (+৮৮০-২) ৯৫৫৬০২৮, E-mail: sm@mofa.gov.bd

**Md. Shahriar Alam, MP**
State Minister
মোঃ শাহ্‌রিয়ার আলম, এমপি
প্রতিমন্ত্রী

MINISTRY OF FOREIGN AFFAIRS
GOVERNMENT OF THE
PEOPLE'S REPUBLIC OF BANGLADESH
DHAKA

উদ্ভূত করোনা পরিস্থিতিতে আমি বাংলাদেশের দূতাবাসসমূহের সকল কর্মকর্তা-কর্মচারীকে প্রবাসীদের সমস্যা মোকাবিলায় সদা সচেষ্ট থাকার জন্য অনুরোধ করছি। এই দুর্যোগ কাটিয়ে উঠতে প্রবাসী বাংলাদেশিরাও একে অপরের সহযোগিতায় এগিয়ে আসবে বলে আমি আশা করি।

উন্নয়নের এ অগ্রযাত্রায় সক্রিয় অংশগ্রহণ এবং বিদেশে বাংলাদেশের ভাবমূর্তি উজ্জল করণে অপরিসীম অবদান রাখার জন্য আমি বিশ্বের সকল প্রান্তে অবস্থানরত প্রবাসী বাংলাদেশিদের অভিনন্দন জানাই। আন্তর্জাতিক পরিমণ্ডলে জাতীয় স্বার্থ সংরক্ষণ ও দেশের ভাবমূর্তি সমুন্নত করণে পররাষ্ট্র মন্ত্রণালয় ও বিদেশস্থ দূতাবাস সমূহের নিবেদিত প্রাণ যে সকল কর্মকর্তা ও কর্মচারী কাজ করছেন তাদের জন্য রইল আমার বিজয় দিবসের শুভেচ্ছা।

যে 'সোনার বাংলা'র স্বপ্ন ছিলো জাতির পিতার হৃদয়ে, যে স্বপ্ন বুকে নিয়ে বাংলার সূর্য সন্তানেরা নিজেদের বুকের রক্ত এ সবুজ ভূমিতে নির্দ্বিধচিত্তে ঢেলে দিয়েছিলেন, সে স্বপ্ন পূরণে অবিরাম কাজ করছে দেশরত্ন শেখ হাসিনার সরকার। সুবিশাল এ কর্মযজ্ঞে আমরা সবাই নিজ নিজ অবস্থান থেকে কাজ করবো। অবদান রাখবো স্বদেশ ও বিশ্ব মানবতার কল্যাণে। এই হোক আজকের দিনের অঙ্গীকার।

**জয় বাংলা, জয় বঙ্গবন্ধু,**
**বাংলাদেশ চিরজীবী হোক।**

মোঃ শাহ্‌রিয়ার আলম, এমপি

ফোন ঃ (+৮৮০-২) ৯৫৬২৯৫৪, ফ্যাক্স ঃ (+৮৮০-২) ৯৫৫৬০২৮, E-mail: sm@mofa.gov.bd